

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৭১৭

২٥. وهم (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৭. হজের সময় সুগন্ধি ব্যবহার করা

بَابِ مَا جَاءَ فِي الطِّيبِ فِي الْحَجِّ

আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِك عَنْ الصَّلْتِ بْنِ زُييْدٍ عَنْ غَيْرِ وَاحِدٍ مِنْ أَهْلِهِ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ
وَجَدَ رِيحَ طِيبٍ وَهُوَ بِالشَّجَرَةِ وَإِلَى جَنْبِهِ كَثِيرُ بْنُ الصَّلْتِ فَقَالَ عُمَرُ مِمَّنْ رِيحُ هَذَا
الطِّيبِ فَقَالَ كَثِيرٌ مِنِّي يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ لَبَّدْتُ رَأْسِي وَأَرَدْتُ أَنْ لَا أَحْلِقَ فَقَالَ عُمَرُ
فَاذْهَبْ إِلَى شَرَبَةٍ فَادْلُكْ رَأْسَكَ حَتَّى تُنْقِيَهُ فَفَعَلَ كَثِيرُ بْنُ الصَّلْتِ قَالَ مَالِك الشَّرَبَةُ
حَفِيرٌ تَكُونُ عِنْدَ أَصِلْ النَّخْلَةِ

বাংলা

রেওয়ায়ত ২২. সালত ইবন যুয়াইদ (রহঃ) তাহার পরিবারের একাধিক ব্যক্তি হইতে বর্ণনা করেন যে, উমর ইবন খাতাব (রাঃ) শাজারায় সুগন্ধ দ্রব্যের ঘ্রাণ পাইলেন, তাহার পার্শ্বে ছিলেন কসীর ইবন সালত। উমর (রাঃ) বলিলেন, এই সুগন্ধ কাহার নিকট হইতে? কসীর বলিলেনঃ আমার নিকট হইতে। আমার মাথায় তলবীদ করিয়াছি এবং আমি মাথার চুল মুণ্ডাইবার ইরাদা করিয়াছি। উমর (রাঃ) বললেন, তুমি শরাবাতের দিকে গমন কর এবং তোমার মাথা মালিশ কর উহাকে পরিষ্কার করা পর্যন্ত। কসীর ইবন সালত (রহঃ) উহা করিলেন।

মালিক (রহঃ) বলেন, শারাবাত (شربة) গাছের গোড়ার গর্ত যাহাতে পানি জমিয়া থাকে।

English

Yahya related to me from Malik from as-Salt ibn Zubayd from more than one of his family that Umar ibn al-Khattab discovered the smell of perfume while he was at ash-Shajara. Kathir ibn as-Salt was at his side, and Umar asked, "Who is this smell of perfume coming from?", and Kathir said, "From me, amir al-muminin. I matted my hair with perfume and I intended not to shave it.'' Umar said, "Go to a sharaba and rub your head until it is clean," and Kathir did so.



Malik explained, "A sharaba is the ditch at the base of a date-palm."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন